

# কোটা বাতিলের দাবিতে রাবিতে ফের মানববন্ধন

রাবি প্রতিনিধি

০১ জুলাই ২০২৪, ১২:০০ এএম



সরকারি ১ম ও ২য় শ্রেণির চাকরিতে কোটা পুনর্বহালের রায় বাতিল ও কোটা পদ্ধতি সংস্কারের দাবিতে রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) ক্যাম্পাসে আবারও মানববন্ধন হয়েছে। গতকাল রবিবার বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের প্যারিস রোডে এ কর্মসূচিতে অংশ নেন তিন শতাধিক শিক্ষার্থী।

মানববন্ধনে রাকসু আন্দোলন মঞ্চের সদস্য সচিব আমানুল্লাহ আমান বলেন, আমাদের আন্দোলন সাধারণ শিক্ষার্থীদের পক্ষে। আজকে আমাদের দুটি দাবি। প্রথমটি হলো- আমরা চাই কোটা থাকুক তবে ১০ শতাংশের বেশি নয়। আর দ্বিতীয় দাবি হলো- যে কোটা ব্যবহার করবে, সে সারাজীবনে একবারই কোটা ব্যবহার করবে। হয় কলেজ-বিশ্ববিদ্যালয়ে ভর্তির সময়, চাকরির সময় অথবা অন্য যে কোনো সময়। একবারের বেশি ব্যবহার করতে পারবে না।

স্টুডেন্ট রাইটস অ্যাসোসিয়েশনের সভাপতি মেহেদী সজিব বলেন, ২০১৮ সালে কোটা পদ্ধতি বাতিলের জন্য প্রধানমন্ত্রী সংসদে ঘোষণা দেন এবং তারই পরিপেক্ষিতে একটি পরিপত্র জারি করা হয়। সেই পরিপত্রটি গত ৫ জুন হাইকোর্ট অবৈধ

ঘোষণা করেন। যেখানে ৩০ শতাংশ মুক্তিযোদ্ধা কোটাসহ ৫৬ শতাংশ কোটা বহাল থাকে। আমরা চাই কোটা থাকুক, তবে ১০ শতাংশের বেশি নয়। ১ শতাংশ শিক্ষার্থীর বিপরীতে ৩০ শতাংশ কোটার ব্যবস্থা নিঃসন্দেহে একটি বৈষম্যমূলক নীতি।

এর আগে একই দাবিতে গত ৬ জুন বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরির সামনে মানববন্ধন করেন পাঁচ শতাধিক শিক্ষার্থী।